

নৈতিকতা ও শুদ্ধাচার কমিটি সভার কার্যবিবরণী


আহ্বায়ক : জনাব রতন কুমার দেবনাথ, নির্বাহী পরিচালক (অর্থ), ওজোপাডিকো, খুলনা।
স্থান : বিদ্যুৎ ভবন কনফারেন্স রুম।
সময় : সকাল ১০ঃ০০ ঘটিকা।


সদর দপ্তর, ওজোপাডিকো, খুলনা এর স্মারক নং-২৭.২২.৪৭৮৫.০০২.১৬.০০১.২২-১০৭৭ তারিখঃ ০৫/০৬/২০২২ মোতাবেক বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, বিদ্যুৎ বিভাগ এবং ওজোপাডিকোর মধ্যে স্বাক্ষরিত APA চুক্তি মোতাবেক ২০২১-২২ অর্থ বছরের শুদ্ধাচার প্রদানের লক্ষ্যে একটি কমিটি গঠন করা হয়। অদ্য ২৩/০৬/২০২২ তারিখ রোজ বৃহস্পতিবার সকাল ১০ঃ০০ ঘটিকায় বিদ্যুৎ ভবন, বয়রা, খুলনার সভাকক্ষে কমিটির আহ্বায়ক জনাব রতন কুমার দেবনাথ, নির্বাহী পরিচালক (অর্থ), ওজোপাডিকো, খুলনা মহোদয় এর সভাপতিত্বে নৈতিকতা ও শুদ্ধাচার কমিটির সভা অনুষ্ঠিত হয়। আহ্বায়ক মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন এবং সভার প্রেক্ষাপট বর্ণনা করেন। কোম্পানীর কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা, উন্নত সেবা প্রদান, সুশাসন, স্বচ্ছতা ও জবাবদিহিতা প্রতিষ্ঠার লক্ষ্যে জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন করা জরুরী। ওজোপাডিকোতে জাতীয় শুদ্ধাচার বাস্তবায়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখায় পুরস্কার নীতিমালা-২০১৭ এর আলোকে নিম্নে বর্ণিত এমপ্লয়ীগণকে ২০২১-২২ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার পুরস্কার প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলোঃ


ক্রঃ নং	নাম	পদবী	দপ্তরের নাম	মন্তব্য
১	জনাব মোঃ আব্দুল মজিদ	প্রকল্প পরিচালক (তত্ত্বাবধায়ক প্রকৌশলী)	বিদ্যুৎ বিতরণ ব্যবস্থা শক্তিশালীকরণ প্রকল্প, ওজোপাডিকো, খুলনা	প্রধান কার্যালয়
২	জনাব আমিনুর রহমান	নির্বাহী প্রকৌশলী	গোপালগঞ্জ বিদ্যুৎ সরবরাহ, ওজোপাডিকো	মাঠ পর্যায়
৩	জনাব মানিক লাল ঘোষ চৌধুরী	এমএলএসএস	সদর দপ্তর, ওজোপাডিকো, খুলনা	প্রধান কার্যালয়


শুদ্ধাচার পুরস্কার হিসেবে মনোনীত এমপ্লয়ীগণকে ০১ (এক) টি মূল বেতনের সমপরিমাণ অর্থ এবং সার্টিফিকেট প্রদান করা হবে।


সভায় আর কোন আলোচনা না থাকায় কমিটির আহ্বায়ক মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



উপ-মহাব্যবস্থাপক (অডিট)
ওজোপাডিকো, খুলনা
ও সদস্য


উপ-মহাব্যবস্থাপক
(এইচআর এন্ড এডমিন)
ওজোপাডিকো, খুলনা
ও সদস্য


মহাব্যবস্থাপক (হিসাব/ অর্থ)
ওজোপাডিকো, খুলনা
ও সদস্য


নির্বাহী পরিচালক (প্রকৌশল)
ওজোপাডিকো, খুলনা


নির্বাহী পরিচালক (অর্থ)
ওজোপাডিকো, খুলনা


২৩/৬/২২